

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২৭৫

কাঞ্চনপুর, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

**কাঞ্চনপুরে বিপর্যয় মোকাবিলা বিষয়ক আলোচনাচক্র অনুষ্ঠিত**

কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ ভার্মুনে ইডেন ট্যুরিস্ট লজে বিপর্যয় মোকাবিলার বিষয়ক সচেতনতামূলক আলোচনাচক্র ও মহড়া এবং এক পেড়, মা কে নাম বৃক্ষরোপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠান আয়োজনে সহায়তায় ছিল তথ্য ও সংস্কৃতি দপ্তর। অনুষ্ঠানের উদ্বোধন করে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৃতা দেবপ্রিয় বর্ধন বলেন, জনগণের সচেতনতা বাড়ানোর মাধ্যমে বিপর্যয়ের ক্ষতির পরিমাণ কমে আসতে পারে। ভূমিকম্প সহ বিপর্যয় মোকাবিলার বিভিন্ন বিষয় নিয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা বন আধিকারিক সুমন মল্ল, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমার, মহকুমা পুলিশ আধিকারিক দেশাই রঞ্জিকেশ জয়সিং, তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দিলীপ দেববর্মা। অনুষ্ঠানে ১৩-ব্যাটেলিয়ন টিএসআর বাহিনীর জওয়ানগণ ভূমিকম্প বিপর্যয় মোকাবিলার বিষয় নিয়ে এক মহড়া প্রদর্শন করেন। এছাড়াও অগ্নিনির্বাপক দপ্তর ও বিদ্যুৎ দপ্তরের কর্মীরা ও মহড়ায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে এক পেড়, মা কে নাম কর্মসূচিতে ভার্মুন ইডেন ট্যুরিস্ট লজ প্রাঙ্গণে অতিথিগণ বিভিন্ন প্রজাতির চারা গাছ রোপন করেন।

\*\*\*\*\*